

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তর

প্রশাসনিক ভবন
রাজাপুর, পাবনা।

স্মারক নং: পাবিপ্রবি/পউও/প্রশিক্ষণ/পিপিআর ২০০৮/শিক্ষক-কর্মকর্তা/ ২২৬৪

তারিখ: ১২/০৩/২০২৫ খ্রি:


নোটিশ

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তর কর্তৃক আগামী ১৭ মার্চ থেকে ১৯ মার্চ, ২০২৫ খ্রি: তারিখ (সোমবার থেকে বুধবার) বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের জন্য “Training on PPR-2008” শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল, মাননীয় উপাচার্য, পাবিপ্রবি। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলাম, মাননীয় উপ-উপাচার্য, পাবিপ্রবি ও অধ্যাপক ড. মোঃ শামীম আহসান, মাননীয় কোষাধ্যক্ষ, পাবিপ্রবি। উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণটি পরিচালনা করবেন মোঃ আমির হোসেন, জেলা হিসাবরক্ষন কর্মকর্তা (অবসরপ্রাপ্ত), নাটোর। অতএব, উক্ত প্রশিক্ষণের জন্য মনোনীত সবাইকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

স্থান: ভার্সুয়াল ক্লাস রুম, সেন্ট্রাল লাইব্রেরি, ৩য় তলা, পাবিপ্রবি।

সময়: সকাল ১০.০০ টা

অনুরোধক্রমে,


১২/৩/২৫

(এস.এম গোলজার হোসেন)

অতিরিক্ত পরিচালক

পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক, আইসিটি সেল, পাবিপ্রবি (ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য);
২. অতিরিক্ত পরিচালক (জনসংযোগ দপ্তর), পাবিপ্রবি (জনসংযোগ কর্মকর্তা (ফটোগ্রাফার) কে স্থিরচিত্র ধারণের জন্য যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো);
৩. প্রটোকল অফিসার টু ভিসি, পাবিপ্রবি (উপাচার্য মহোদয়ের অবগতির জন্য);
৪. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের অবগতির জন্য);
৫. পিএ টু ট্রেজারার (কোষাধ্যক্ষ মহোদয়ের অবগতির জন্য);
৬. অফিস নথি।